গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
✉ shariatpurgovtcollege1978@gmail.com
www.sgc.college.gov.bd

# সমন্বয় সভার কার্যবিবরণী

শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর-এ বিভিন্ন বিষয়ে স্নাতক (সম্মান), প্রিলিমিনারি টু মাস্টার্স ও মাস্টার্স শেষ বর্ষের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের প্রধানবৃন্দ এবং অধিভুক্তি কার্যক্রমের কমিটির সদস্যবৃন্দের সমন্বয় সভা অধ্যক্ষ, প্রফেসর মোঃ ফজলুল হক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

| | |
|---|---|
| সভার তারিখ | :- ৩০ আগস্ট ২০২৬, রবিবার |
| সভার সময় | :- সকাল ১১:০০ মিনিট |
| সভার স্থান | :- শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর। |
| সভাপতি | :- প্রফেসর মো: ফজলুল হক, অধ্যক্ষ, শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর। |
| সভায় উপস্থিতি | :- পরিশিষ্ট=ক |

সভার আলোচ্যসূচী :-

১। অধ্যক্ষ, শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর কর্তৃক বিষয় অধিভুক্তির প্রেক্ষাপটসহ স্বাগত ভাষণ।
২। কমিটির আহবায়ক কর্তৃক অধিভুক্তির বিষয়ে এ যাবৎ গৃহীত সর্বশেষ কার্যক্রম উপস্থাপন।
৩। প্রত্যেক বিভাগীয় প্রধান কর্তৃক আনিত কাগজপত্র/তথ্যের ধারাবাহিকতা নির্ধারণ।
৪। বিবিধ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান, তিনি বলেন যে শরীয়তপুর সরকারি কলেজে ইংরেজি বিষয় স্নাতক (সম্মান) কোর্স, বাংলা, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ও প্রাণিবিদ্যা প্রিলিমিনারি টু মাস্টার্স কোর্স এবং অর্থনীতি, ইতিহাস, দর্শন, প্রাণিবিদ্যা ও হিসাববিজ্ঞান মাস্টার্স শেষ বর্ষ কোর্সের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র ও অন্যান্য তথ্য যথাযথভাবে প্রস্তুত করা জরুরি। এ বিষয়ে এবং বিবিধ যে কোনো বিষয় উপস্থিত সদস্যবৃন্দকে মতামত প্রদান করার জন্য সভাপতি আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যবৃন্দের আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহে গৃহীত হয় :

১। শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুরের কেন্দ্রীয় প্রশাসন কর্তৃপক্ষ থেকে প্রদত্ত কাগজপত্র এবং প্রত্যেক বিভাগ থেকে প্রস্তুতকৃত তথ্য ও কাগজপত্র সকল বিভাগ একই ধারাবাহিকতায় সাজিয়ে আবেদন ফাইল প্রস্তুত করবে।
২। কলেজের সংশ্লিষ্ট বিভগসমূহ থেকে প্রত্যেক বিভাগ সর্বমোট ০৫ (পাঁচ) সেট আবেদনপত্র প্রস্তুত করবে; এর মধ্যে ০১ সেট বিভাগীয় অফিসে সংরক্ষণ করে রাখবে এবং ০৪ (চার) সেট অধ্যক্ষ বরাবর জমাদান করবে।
৩। কলেজে বিভিন্ন বিষয় ও স্তরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি সংক্রান্ত সমন্বয় কমিটি সকল বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করবে এবং এ সংক্রান্ত কার্যক্রমে যাবতীয় খরচ কলেজ একাডেমিক কাউন্সিল সভায় অনুমোদন সাপেক্ষে অধ্যক্ষ মহোদয়কে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভা থেকে অনুরোধ জানানো হয়।
৪। অদ্যকার (৩০-৮-২০২৬ তারিখ) সমন্বয় সভায় বিনা অনুমতিতে অনুপস্থিত যেকোনো বিভাগীয় প্রধান/সভার সদস্য-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ অনুসারে কারণ দর্শানো পত্র জারি করা হবে।
৫। শরীয়তপুর সরকারি কলেজের প্রত্যেক বিভাগ প্রত্যেক বর্ষের সকল কোর্সের জন্য সমন্বিতভাবে একটি উপস্থিত রেজিষ্টার ব্যবহার করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(প্রফেসর মোঃ ফজলুল হক)
আইডি নং-১৯০২
অধ্যক্ষ
শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
মোবাইল ঃ ০১৩২৬৭৭৯১৯৬

**বিতরণ ঃ**
১। বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট), শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর (প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের অনুরোধসহ)

**অনুলিপি ঃ**
১। উপাধ্যক্ষ, শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
২। অফিস নথি।

H:\ALL IN ALL\ALL- NOTICE\Academic & Teacher Councal notic\সমন্বয় সভার কার্যবিবরণী.docx

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।

তারিখ: ৩০ আগস্ট ২০২৬ খ্রি.

# উপস্থিতিপত্র

শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর- এ বিভিন্ন বিষয় ও স্তরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তির লক্ষ্যে একাডেমিক বিভাগীয় প্রধানবৃন্দ ও অধিভুক্তি সমন্বয় কমিটির সদস্যবৃন্দের সাথে অধ্যক্ষ, শরীয়তপুর সরকারি কলেজের সমন্বয় সভার উপস্থিতিপত্র।

পরিশিষ্ট = "খ"

**সভার তারিখ** ঃ ৩০/০৮/২০২৬ রবিবার
**সময়** ঃ সকাল ১১:০০ মি:

| ক্র:নং | শিক্ষক ও কর্মকর্তার নাম | পদবী ও বিষয় | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১. | প্রদ্যুৎ কুমার দাস | অধ্যাপক, অর্থনীতি | [signature] ৩০/৮/২৬ |
| ২. | [illegible] কৃষ্ণ ঘোষ | অধ্যাপক, [illegible] | [signature] ৩০/৮/২৬ |
| ৩. | ফেরদৌস আলম কবীর | সহযোগী অধ্যাপক, [illegible] | [signature] ৩০/৮/২৬ |
| ৪. | মাহমুদুল আলম খান | সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান | [signature] 30.08.26 |
| ৫. | মোহাম্মদ মাহবুবুর রহমান [illegible] | সহযোগী অধ্যাপক, ইংরেজি | Mahbub 30.8.2026 |
| ৬. | মোহাম্মদ আবু ছাইদ | সহযোগী অধ্যাপক, দর্শন | [signature] 30.8.26 |
| ৭. | মো: আরেফুল আহসান | সহকারী অধ্যাপক, বাংলা | [signature] ৩০/৮/২৬ |
| ৮. | রিয়াজ উদ্দিন | সহকারী অধ্যাপক, ই. ইতিহাস | [signature] 30.8.26 |
| ৯. | মো. এনামুল হক | প্রভাষক, (প্রাণিবিদ্যা) | [signature] 30.8.26 |
| ১০. | কাজল কৃষ্ণ কুন্ডু | সহকারী অধ্যাপক, গণিত | [signature] 30.08.26 |
| ১১. | মোক্তার চৌধুরী | সহযোগী অধ্যাপক (ইতিহাস) | [signature] 30.08.2026 |
| ১২. | মোঃ এনামুল হক হাওলাদার | উদ্ভিদবিদ্যা | [signature] ৩০-৮-২০২৬ |
| ১৩. | | | |

[signature] ৩০/৮/২৬
(প্রফেসর মোঃ ফজলুল হক)
আইডি নং-১৯০২
অধ্যক্ষ
শরীয়তপুর সরকারি কলেজ
শরীয়তপুর।

E:\ALL IN ALL- B\Principal- Sir\VP Anamul Sir\সভার কিছু.docx

CamScanner